

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ব্যক্তি যদি এইরূপ প্রমাণ করিতে সক্ষম হন যে, উক্ত লংঘন তাহার অজ্ঞাতসারে হইয়াছে অথবা উহার লংঘন রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়া ব্যর্থ হইয়াছেন, তাহা হইলে উক্ত লংঘনের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি দায়ী হইবেন না।

ব্যাখ্যা।-এ ধারায়-

- (ক) “কোম্পানী” বলিতে কোন কোম্পানী, সংবিধিবদ্ধ সংস্থা, অংশীদারী কারবার, সমিতি বা এক বা একাধিক ব্যক্তির সমন্বয়ে গঠিত সংগঠনকে বুঝাইবে;
- (খ) “পরিচালক” বলিতে কোন অংশীদার বা পরিচালনা বোর্ড, যে নামেই অভিহিত হউক, এর সদস্যকেও বুঝাইবে।

(২) কোন কোম্পানী প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মানিলাভারিং এর সাথে জড়িত থাকিলে উক্ত কোম্পানীর নিবন্ধন বাতিলযোগ্য হইবে।

বিধি প্রণয়নের ক্ষমতা

২১। সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবে।

তফসিল

[ধারা ৭(২) এর শর্তাংশ দ্রষ্টব্য]

- (ক) Penal Code, 1860 (XLV of 1860);
- (খ) Arms Act, 1878 (XL of 1878);
- (গ) Foreign Exchange Regulation Act, 1947 (VII of 1947);
- (ঘ) Anti-Corruption Act, 1957 (XXVI of 1957);
- (ঙ) Special Powers Act, 1974 (XIV of 1974);
- (চ) মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০ নং আইন);
- †[\* \* \*]
- (জ) নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (২০০০ সনের ৮নং আইন) ‡;
- (ঝ) আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন, ২০০২ (২০০২ সনের ১১ নং আইন)।

<sup>১</sup> এন্ড্রি (ছ) মানি লভারিং প্রতিরোধ (সংশোধন) আইন, ২০০৩ (২০০৩ সনের ৩ নং আইন) এর ৯ ধারাবলে বিলুপ্ত।

<sup>২</sup> সেমিকোলন (;) দাঁড়ির (।) পরিবর্তে প্রতিস্থাপিত এবং অতঃপর এন্ড্রি (ঝ) মানি লভারিং প্রতিরোধ (সংশোধন) আইন, ২০০৩ (২০০৩ সনের ৩ নং আইন) এর ৯ ধারাবলে সংযোজিত।